



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া



২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

তারিখ : ০৩ অগ্রহায়ণ ১৪২৫ ব.  
১৭ নভেম্বর ২০১৮ খ্রি.

এতদ্বারা সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া'য় ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তিচ্ছু শিক্ষার্থীদেরকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয় ওয়েবসাইট ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) থেকে যথাযথ নিয়মে আবেদন ফরম ডাউনলোড করে ফরমের উপরের ডান কর্ণারে ফরমে উল্লিখিত পিন নম্বর ও নিজের সক্রিয় মোবাইল নম্বর লিখে কলেজের জমা রশিদের মাধ্যমে আবেদন ফরমের রোলার অনুকূলে ৩০০/- (তিনশত) টাকা এবং নিম্নে উল্লিখিত প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে (এম.এ ও এম.বি.এ বিষয় কলেজ লাইব্রেরী নিচতলায় এবং এম.এস.এস ও এম.এস-সি রসায়ন বিভাগের বারান্দায়) আগামী ১৮/১১/২০১৮ খ্রি. হতে ২৭/১১/২০১৮ খ্রি. পর্যন্ত প্রতিদিন (সরকারি ছুটির দিন ব্যতীত) সকাল ১০ টা থেকে দুপুর ০১ টা পর্যন্ত ফরম জমা দিতে হবে।

**আবেদনের সাধারণ যোগ্যতা :**

ক) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা অথবা তিন বছর মেয়াদী স্নাতক (পাস) ও ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে। তবে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত অথবা ১ পর্ব মাস্টার্স (প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ কোন প্রার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।


খ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা উক্ত প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত/রেজিস্ট্রেশন প্রাপ্ত কোন প্রার্থী ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। উক্ত শর্ত ভঙ্গ করে কোন প্রার্থী এ ভর্তি কার্যক্রম অংশগ্রহণ করলে তার ভর্তি বাতিল হয়ে যাবে।

গ) একই অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন প্রার্থী মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) অথবা মাস্টার্স প্রফেশনাল কোর্সে অধ্যয়নরত অবস্থায় ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

**প্রাথমিক আবেদনের প্রয়োজনীয় কাগজপত্র :**

- ১। প্রাথমিক আবেদনের ডাউনলোডকৃত সম্পূর্ণ আবেদন ফরম (ছবিসহ) মূল কপি ০১ টি।
- ২। স্নাতক পর্যায়ে উত্তীর্ণ পরীক্ষার নম্বরপত্রের ফটোকপি;
- ৩। স্নাতক পর্যায়ের রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি।

(সকল কাগজপত্র সিরিয়াল অনুযায়ী সাজিয়ে পিনআপ করে জমা দিতে হবে)



প্রফেসর মোঃ শাহজাহান আলী (৪৯৯৬)

অধ্যক্ষ

সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া।

প্রফেসর মোঃ শাহজাহান আলী (৪৯৯৬)

অধ্যক্ষ

সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া।